

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

### অফিস আদেশ

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় 'বুলবুল' আগামীকাল দেশের উপকূলীয় অঞ্চলে আঘাত হানতে পারে মর্মে আবহাওয়া অধিদপ্তর হতে জানা গেছে। ঘূর্ণিঝড় এর প্রভাবে ইতোমধ্যে উপকূলীয় বিভিন্ন জেলায় বৈরী আবহাওয়া বিরাজ করছে। সর্বশেষ খবরে দেশের সবকটি সমুদ্র বন্দরকে চার নম্বর সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। এব্যাপারে করণীয় স্থির করার লক্ষ্যে ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ে এক জরুরি সভা চলছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড তাদের কর্মকর্তা/কর্মচারীদের ছুটি বাতিল করেছে মর্মে জানা গেছে।

এধরনের প্রাকৃতিক দুর্যোগকালে খাদ্য অধিদপ্তরাধীন গুদাম/সাইলোতে মজুত খাদ্য শস্যের রক্ষণাবেক্ষণ এবং দুর্যোগকালীন জরুরি খাদ্যশস্য বিতরণ নিশ্চিতকরণে খাদ্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে অবস্থান করা প্রয়োজন।

এমতাবস্থায়, (১) দুর্যোগকালীন যেকোন পরিস্থিতি মোকাবেলা, খাদ্য গুদাম/সাইলোতে সংরক্ষিত খাদ্য শস্যের রক্ষণাবেক্ষণ এবং দুর্যোগকালীন জরুরি খাদ্যশস্য সরবরাহ নিশ্চিতকরণে খাদ্য অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা/কর্মচারীর কর্মস্থল ত্যাগ এবং ছুটি বাতিল করা হলো।

(২) স্ব-স্ব দপ্তরে নিয়ন্ত্রণ কক্ষ চালু করে নিয়ন্ত্রণ কক্ষের ফোন নম্বর খাদ্য অধিদপ্তরকে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৯৫৫০২১৩।



(মোঃ আবদুল আজিজ মোল্লা)  
অতিরিক্ত মহাপরিচালক (চ:দা):  
খাদ্য অধিদপ্তর  
ফোন-৯৫৬১৮৭১

[adg@dgfood.gov.bd](mailto:adg@dgfood.gov.bd)

তারিখ-০৮/১১/২০১৯।

স্মারক নম্বর -১৩.০১.০০০০.০৩১.১৮.০০১.১৮(অংশ-৩)-১৮২৩/১(২৯)

অনুলিপিঃ

(ক) সদয় জ্ঞাতার্থেঃ

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

(খ) কার্যার্থেঃ

০৩। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৪। অতিরিক্ত পরিচালক, এম.আই.এস এন্ড এম.বিভাগ/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, অধিদপ্তর, ঢাকা।


০৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

০৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/ রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট।

০৭। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া/সান্তাহার, বগুড়া/  
স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।

০৮। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।

তাদেরকে অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের এ নির্দেশটি অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এছাড়া সরকারি খাদ্যশস্যবাহী নৌযানগুলো নিরাপদ আশ্রয়ে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারদের নির্দেশনা প্রদানের জন্যও বলা হলো।

  
(মোঃ আবদুল আজিজ মোল্লা)  
অতিরিক্ত মহাপরিচালক (চ:দা):